

৬০

**পেশাজীবী প্রতিনিধিদের
সহিত চট্টগ্রাম ভাসিটি
সাধারণ শিক্ষক
পরিষদের বৈঠক**
(চট্টগ্রাম অফিস)
গতকাল (মঙ্গলবার) বিকালে
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাধারণ
শিক্ষক পরিষদ কর্তৃক আয়োজিত
সাংবাদিক-রাজনৈতিক নেতৃবৃন্দ,
পেশাজীবী সংগঠন, সাংস্কৃতিক
(শেষ পৃ: ৪-এর ক: ড:)

পেশাজীবী প্রতিনিধি
(১ম পৃ: পর)
সংগঠন ও মহিলা সংগঠনের
প্রতিনিধিদের সহিত সাধারণ
শিক্ষক পরিষদ প্রতিনিধিদের এক
মত বিনিময় অনুষ্ঠান শহরস্থ বিশু-
বিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত হয়।
মতবিনিময় অনুষ্ঠান শুরু প্রাকালে
শিক্ষক পরিষদের পক্ষ হইতে ডঃ
মঞ্জুর মোর্শেদ মাহমুদ চট্টগ্রাম
বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান পরিস্থিতি
নেতৃবৃন্দের নিকট বর্ণনা
করেন। তাহার লিখিত বক্তব্যে
বলা হয় ২২শে ডিসেম্বরের নজির-
বিহীন সন্ত্রাসী ঘটনার হোতা ইস-
লামী ছাত্র শিবিরের সশস্ত্র সন্ত্রাসীরা
মেয়াদ উত্তীর্ণ শিক্ষক সমিতির
কতিপয় কর্মকর্তার মদদপুষ্ট হইয়া
প্রকাশ্যে ছাত্র-ছাত্রী, শিক্ষক-
শিক্ষয়িত্রীর উপর ঝাঁপাইয়া পড়ি-
য়াছিল। ফলে বিশ্ববিদ্যালয় প্রায়
৫ মাস বন্ধ থাকে। বিশ্ববিদ্যালয়
খোলার পর পুনরায় ছাত্র শিবির
বিভিন্ন নামে সংগ্রামী ছাত্র ঐক্য,
সম্মিলিত ছাত্র ঐক্য, আদর্শিক
যুব পরিষদ ব্যানারে ২রা জুন
বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সশস্ত্র কাম-
দায় দখল করিয়া নেয়। এমতাব-
স্থায় ২২শে জুন পর্যন্ত বিশ্ববিদ্যা-
লয়ের সকল কার্যক্রম বন্ধ হইয়া
পড়ে।
মেয়াদ-উত্তীর্ণ শিক্ষক সমিতির
জামাতপন্থী শিক্ষকরা গণতান্ত্রিক
শিক্ষক পরিষদ জাতীয়তাবাদী
শিক্ষক সমাজ নামে ছদ্মাবরণে
আবার বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি
অনিশ্চয়তার দিকে ঠেলিয়া দেওয়ার
লক্ষ্যে সিওকেট সভা ও সিনেট
অধিবেশনের বিরোধিতা করিয়া
কর্মসূচী পালনের হুমকি দিতেছে।
লিখিত বক্তব্যে এ অবস্থা হইতে
পরিত্রাণ পাওয়ার জন্য সৃষ্টিস্তিত
মতামত প্রকাশের আহ্বান জানান।
ছাত্র-ছাত্রী কল্যাণ সমিতি
কুমিল্লাস্থ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ছাত্র-ছাত্রী কল্যাণ সমিতির গত-
কাল (মঙ্গলবার) স্থানীয় এক
হোটেলে অনুষ্ঠিত এক সমাবেশে
বক্তারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের
তদন্ত কমিশনের রিপোর্ট প্রকাশ
ও বাস্তবায়নের দাবী জানাইয়া
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভিসি
আলমগীর মুহাম্মদ সিরাজুদ্দীনের
অপসারণের দাবী জানাইয়াছে।
সমাবেশে বক্তব্য রাখেন মুহাম্মদ
রেজাউল করিম, মহসিনুজ্জামান
চৌধুরী, আশরাফ উদ্দিন ও শহী-
দুল হক প্রমুখ।